অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল লেফটেন্যান্ট গভর্নর হিসাবে সিনেটর ব্রায়ান বেঞ্জামিনের নির্বাচিত হওয়ার কথা ঘোষণা করেছেন

সিনেটর বেঞ্জামিন এবং গভর্নর হোচুল কিছু মূল সমস্যায় একসাথে কাজ করেছেন যার মধ্যে রয়েছে ওপিওয়েড মহামারী, MWBE এর প্রতি সমর্থন এবং ভোট দান সংস্কার

গভর্নর ক্যাথি হোচুল আজকে লেফটেন্যান্ট গভর্নর হিসাবে সিনেটর ব্রায়ান বেঞ্জামিনের নির্বাচিত হওয়ার কথা ঘোষণা করেছেন। সিনেটর বেঞ্জামিন এবং গভর্নর হোচুল বেশকিছু মূল সমস্যায় একসাথে কাজ করেছেন যার মধ্যে রয়েছে ওপিওয়েড মহামারীর বিরুদ্ধে লড়াই,সংখ্যালঘু/নারী মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (Minority/Women-owned Business Enterprises, MWBE) ব্যবসা মালিকদের প্রতি সমর্থন এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ভোট প্রদান সহজ করে তোলা।

সিনেটর বেঞ্জামিন পূর্বে নিউ ইয়র্ক স্টেটের ডিসট্রিক্ট 30 এর সিনেটর হিসাবে দায়িত্বপালন করেন - যা হারলেম,ইস্ট হারলেম এবং আপার ওয়েস্ট সাইড নিয়ে অবস্থিত - তিনি রাজস্ব এবং বাজেট সংক্রান্ত সিনেট কমিটির (Senate Committee on Revenue and Budget) সভাপতি এবং সিনিয়র অ্যাসিস্ট্যান্ট সখ্যাগুরু নেতার দায়িত্বপালন করেন, যেখানে তিনি ফৌজদারি বিচার ব্যবস্থা সংস্কার এবং সাশ্রয়ী আবাসন ক্ষেত্রে নিজেকে একজন বিশেষ নেতা হিসাবে প্রতিষ্ঠা করেন। সিনেটর বেঞ্জামিন তার হারলেমের কমিউনিটিতে গূঢ়ভাবে জড়িত আছেন।

"আমি বিশ্বাস করি যে শাসনকাজের মানে হল সবাই একসাথে কাজ করা। দলবদ্ধভাবে কাজ করা কার্যকর নেতৃত্বের চাবিকাঠি, এবং এটি এখন আগের চেয়েও বেশি গুরুত্বপূর্ণ যখন আমরা আমাদের স্টেটের জরুরি সমস্যাগুলির মোকাবেলা করছি," **গভর্নর হোচুল বলেন।** "আমার প্রশাসন সেরা এবং মেধাবী মানুষদেরকে আকর্ষণ করবে - যারা এই স্টেটের মানুষের জন্য কঠোর পরিশ্রম করার আমার মূল্যবোধের অংশীদার এবং যারা কাজটি সম্পূর্ণ করবে - এবং তাতে আমাদের নবীনতম সদস্য হলেন সিনেটর ব্রায়ান বেঞ্জামিন যিনি আমার লেফটেন্যান্ট গভর্নর হিসাবে দায়িত্ব নিতে রাজি হয়েছেন। অনেক কাজ করার আছে, এবং আরও নিরাপদ, সুস্বাস্থ্যকর এবং ন্যায় পরায়ণ নিউ ইয়র্কের জন্য আমাদের লক্ষ্য বাস্তবায়নের পথে তাকে আমার সাথে পাওয়ার জন্য আমি কৃতজ্ঞ।"

"লেফটেন্যান্ট গভর্নর হিসাবে তার পাশাপাশি সেবা করার এই অসাধারণ সুযোগ প্রদান করার জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই," **সিনেটর বেঞ্জামিন বলেন।** "গভর্নর হোচুল

একজন সহকর্মী যিনি নিশ্চিত করেন যে টেবিলে সবার জন্য আসন রয়েছে, এবং আমার মতই, তিনি নিউ ইয়র্কবাসীদের প্রয়োজন শোনা এবং স্থানীয় নেতাদের ক্ষমতায়নে দৃষ্টি নিবদ্ধ করেছেন। আমাদের একসাথে কাজ করার এক শক্তিশালী ইতিহাস রয়েছে যা এখন থেকেই আমাদের সুচারুরূপে কাজ করার সুযোগ দেবে যখন আমরা নিউ ইয়র্ককে ইতিহাসের এই চ্যালেঞ্জিং মুহূর্তের মধ্য দিয়ে যাওয়ার জন্য পথ নির্দেশনা দিতে সাহায্য করবো।"

রেভারেন্ড অ্যাল শার্পটন, ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্কের (National Action Network, NAN) প্রতিস্থাতা সভাপতি বলেন,"জীবন অভিজ্ঞতা, জাতি, ব্যাকগ্রাউন্ড বা অন্য যেকোনো কিছুই হোক না কেন, নিউ ইয়র্ক বৈচিত্র্যের ভিত্তিতে নির্মিত হয়েছিল এবং গভর্নর হোচুলের নেতৃত্বের কল্যাণে সেই ভিত্তি আমাদের স্টেটের পরবর্তী লেফটেন্যান্ট গভর্নর হিসাবে ব্রায়ান বেঞ্জামিনের নির্বাচনের মাধ্যমে তার প্রশাসনের জন্য ইতোমধ্যেই পিলারে পরিণত হয়েছে। একজন কমিউনিটি নেতা হিসাবে হারলেমে সাশ্রয়ী আবাসন নির্মাণে তার প্রথম দিকের কাজ থেকে শুরু করে, NAN এর দীর্ঘদিনের সদস্য হিসাবে তার সমর্থন, একজন সিনেটর হিসাবে ওপিওয়েড সমস্যার মত যেসব সমস্যা নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং মঙ্গলকে হুমকির মুখে ফেলে সেসবের সমাধানে তার প্রচেষ্টা পর্যন্ত, সিনেটর বেঞ্জামিন সেসব সমস্যা দূরীকরণকে নিজের ক্যারিয়ার বানিয়ে ফেলেছেন যেসব সমস্যা কর্মজীবী পরিবারগুলিকে তাদের অবস্থার উন্নতিতে বাধা দেয়। এই বাছাইটি খুবই চমৎকার এবং আমি গভর্নর হোচুল এবং সিনেটর বেঞ্জামিন উভয়কেই নিউ ইয়র্কের ইতিহাসের এই পরবর্তী অধ্যায় শুরু করতে সাহায্য করতে মুখিয়ে আছি।"

ডঃ হেজেল এন. ডিউকস, নিউ ইয়র্ক স্টেটের দ্য ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ কালার্ড পিপল (National Association for the Advancement of Colored People, NAACP) এর সভানেত্রী বলেন, "ওপিওয়েড সমস্যার বিরুদ্ধে লড়াইয়ে তার কাজ থেকে শুরু করে, সংখ্যালঘু/নারী মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগের সফলতার জন্য সাহায্য করা পর্যন্ত, ব্রায়ান বেঞ্জামিন নৈমিত্তিক নিউ ইয়র্কবাসীদের যেসব সমস্যা প্রভাবিত করে তার সমাধানকে কেন্দ্র করে তার ক্যারিয়ার গড়ে তুলেছেন এবং আমাদের স্টেটের লেফটেন্যান্ট গভর্নর হিসাবে তাকে সেই কাজ চালিয়ে যেতে দেখতে আমি খুবই উদ্বেলিত। মাত্র কয়েক দিনের মধ্যে গভর্নর হোচুল নিউ ইয়র্ককে সাফল্যের পথে দিক নির্দেশ করেছেন এবং এই নির্বাচন সেই পয়েন্টটিকেই জোর দেয়। আমি নিউ ইয়র্ককে সামনের সিকে নিয়ে যেতে গভর্নরের প্রশাসনের সাথে কাজ করার জন্য উত্তেজিত এবং সিনেটর বেঞ্জামিনের প্রতি আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।"

সিনেটর বেঞ্জামিন হারলেমে একজন ক্যারিবিয়ান মায়ের কোলে জন্ম নেন যিনি নতুন সুযোগের সন্ধানে এই দেশে এসেছিলেন। যদিও তার বাবা মায়ের কলেজ শিক্ষা ছিল না, তবু তারা ভালো বেতনের ইউনিয়ন চাকরি পাওয়ার সৌভাগ্য লাভ করেছিলেন, যা তাদেরকে সিনেটর বেঞ্জামিন এবং তার ভাই বোনকেএকটি মধ্যবিত্ত পরিবারে বেড়ে তোলার সুযোগ দেয়। নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুল থেকে স্নাতক হওয়ার পর, সিনেটর বেঞ্জামিন তার বাবা মা তাকে যেই উন্নতমানের শিক্ষা প্রদানের স্বপ্ন দেখতেন তার অন্বেষণ করেন,এবং ব্রাউন বিশ্ববিদ্যালয় (Brown University) থেকে পাবলিক পলিসিতে তার স্নাতক ডিগ্রিএবং হার্ভার্ড বিজনেস স্কুল থেকে তার MBA ডিগ্রি অর্জন করেন।

স্কুলের পর, সিনেটর বেঞ্জামিন সাশ্রয়ী আবাসন নির্মাণ করতে হারলেমে ফেরত আসেন, যেখানে তিনি একটি MWBE তে এক হাজারের বেশি পরিবেশগত দিক থেকে টেকসই, সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণ করেন যার পাশাপাশি কমিউনিটি ইয়ুথ প্রোগ্রামের মাধ্যমে তরুণ জনগোষ্ঠীকে কর্ম দক্ষতা অর্জনে এবং ভালো মানের নির্মাণ কাজ পেতে সাহায্য করেন।

তার কমিউনিটিতে সিনেটর বেঞ্জামিন হারলেমের চরিত্র সংরক্ষণে এবং কমিউনিটিটিকে সাশ্রয়ী রাখতে কাজ করেন। 2013 সালের মেন্টরতিং প্রোগ্রাম চালু করার পর তিনি হারলেমের ওয়াডলেই হাই স্কুলের অসংখ্য তরুণ জনগোষ্ঠীকে একটি উজ্জ্বল ভবিষ্যৎ অর্জনে সহায়তা করেন এবং তিনি ব্রাউন বিশ্ববিদ্যালয়ের একজন অ্যালামনাই-নির্বাচিত ট্রাস্টি হিসাবে দায়িত্বপালনের সম্মাননা লাভ করেন। সিনেটর বেঞ্জামিন হারলেমের ঐতিহাসিক কোরিন্থিয়ান ব্যাপটিস্ট চার্চের একজন সক্রিয় সদস্য।

নিউ ইয়র্ক স্টেট সিনেটে তার দায়িত্বরত অবস্থায়, সিনেটর বেঞ্জামিন 2018 সালে বেসরকারি কারাগার থেকে স্টেটের পাবলিক পেনশন তহবিলের অপসারণের জন্য সফলভাবে তদবির করেন এবং পরের বছর তিনি স্টেটের চার্টার্ড ব্যাংকগুলিকে এমন বিনিয়োগে বাধা প্রদান করে একটি বিলের সূচনা করেন, যা ব্যাংক অফ আমেরিকাকে (Bank of America) জিও গ্রুপ (Geo Group) এবং কোর সিভিকের (Core Civic) সাথে তাদের সম্পর্ক শেষ করতে চাপ প্রয়োগ করতে সাহায্য করে। ভাড়া নিয়ন্ত্রিত এপার্টমেন্টের ভাড়া সাশ্রয়ী রাখার জন্য সিনেটর বেঞ্জামিনের প্রস্তাব 2019 সালের ঐতিহাসিক ভাড়াটিয়ার সুরক্ষা আইনের (Tenant Protection Act) অংশ ছিল, যা কয়েক দশকের মধ্যে ভাড়াটিয়াদের সুরক্ষায় নেওয়া সবচেয়ে বড় পদক্ষেপ। তার প্রথম টার্মে, তিনি সিভিল সার্ভিস এবং পেনশন সংক্রান্ত সিনেট কমিটির র‍্যাংকিং সদস্য হিসাবে দায়িত্বপালন করেন, যেখানে তিনি তার বাবা মায়ের মত কঠোর পরিশ্রমী সরকারি চাকরিজীবীদের পাবলিক পেনশন রক্ষায় কাজ করেন তার পাশাপাশি নিশ্চিত করেন যে পেনশনের টাকা এমনভাবে বিনিয়োগ করা হয় যা নিউ ইয়র্কের মূল্যবোধকে প্রতিফলিত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন